



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৫৪২

তারিখঃ ২৯/১১/২০১৭ খ্রিস্টাব্দ।

বিষয় : ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সন্তোষজনক অগ্রগতি অর্জিত না হওয়ায় ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্পের মেয়াদ চলতি অর্থ বছরে (২০১৭/১৮) শেষ হবে এবং জুন/২০১৮ খ্রি: এর মধ্যে আবশ্যিকভাবে প্রকল্পের সকল লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। তদুপরি আপনার উপজেলায় ঋণ বিতরণ ও ঋণ আদায়ের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি সন্তোষজনক নয়। বর্তমানে আপনার উপজেলায় ৫১,০৯,৭৫৬/-টাকা কিস্তি খেলাপী ও ১১,৩৪,০২৯/- টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে। এতে প্রতিয়মান হয় যে, আপনি যথাযথভাবে দায়িত্ব পালনে অক্ষম অথবা আপনার অধীনস্তদের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নে ব্যর্থ হয়েছেন।

উক্ত ব্যর্থতার জন্য কেন আপনাকে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা পত্র জারির ৫(পাঁচ) দিনের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে বলা হলো।


(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

রফিকুল ইসলাম
সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, বিআরডিবি
উপজেলা : চুয়াডাঙ্গা সদর
জেলা : চুয়াডাঙ্গা

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, জেলা : চুয়াডাঙ্গা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
- ৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা : চুয়াডাঙ্গা সদর, জেলা: চুয়াডাঙ্গা।
- ৫। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৬। অফিস কপি।